**দৈনিক সংবাদ**

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 30 OCT 1988
পৃষ্ঠা 1 কলাম 7

~~136~~ 185

## ছাত্রদের প্রতি সর্বস্তরে নিয়ম-শৃঙ্খলা মেনে চলার আহ্বান

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আবদুল মান্নান ছাত্রছাত্রীদেরকে বিশ্ববিদ্যালয়ের মহান ভাবমূর্তিকে সমুন্নত রেখে শিক্ষাঙ্গনসহ সমাজের সর্বস্তরে নিয়ম-শৃঙ্খলা মেনে চলার আহ্বান জানিয়েছেন।

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## ছাত্রদের প্রতি আহবান

(১ম পাতার পর)

অধ্যাপক মান্নান গতকাল শনিবার বিশ্ববিদ্যালয় ছাত্র-শিক্ষক কেন্দ্রে ব্যবস্থাপনা ও মার্কেটিং বিভাগের প্রথম বর্ষ স্নাতক সম্মান শ্রেণীর ছাত্রছাত্রীদের পরিচিতি কর্মসূচী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন।

ছাত্র নির্দেশনা ও পরামর্শদান দফতর আয়োজিত এই অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বাণিজ্য অনুষদের ডীন অধ্যাপক মোঃ হাবিবুল্লাহ, অধ্যাপক মোঃ আবদুল কুদ্দুস, ডঃ শাকের আহমেদ, আবদুল মান্নান চৌধুরী, ডঃ সিরাজুল ইসলাম এবং মিসেস মেহেরুন নেসা চৌধুরী। খবর সংবাদ বিজ্ঞপ্তির।